মেহেরপুর পুলিশের অভিযানে ৬৭ টি মোবাইল ও ১ লক্ষ ১৮ হাজার টাকা উদ্ধার

মেহেরপুর জেলার বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬৭ (সাতষট্টি) টি মোবাইল ফোন ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের সহায়তায় বিকাশে ভুলে চলে যাওয়া ১ লক্ষ ১৮ হাজার টাকা এবং উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করেছে জেলা পুলিশ।

আজ রবিবার (১০ মার্চ) দুপুরের দিকে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ সব উদ্ধারকৃত মোবাইল ফোন ও নগদ টাকা তাদেও হাতে তুলে দেওয়া হয়।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান বলেন, মেহেরপুর জেলা পুলিশের অভিভাবক পুলিশ সুপার এসএম নাজমুল হক, বিপিএম (বার), পিপিএম এর নির্দেশনায় সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, মেহেরপুরের চৌকস টিম, মেহেরপুর জেলার বিভিন্ন থানার জিডি এবং অভিযোগের প্রেক্ষিতে তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে ভিকটিমদের নিকট থেকে ভুলক্রমে বিকাশে চলে যাওয়া সর্বমোট ১ লক্ষ ১৮হাজার টাকা ও হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬৭ (সাতষট্টি) টি মোবাইল ফোন উদ্ধার করি এবং প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা গোয়েন্দা পুলিশের অফিস ইনচার্জ সাইফুল আলমসহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ও জেলা গোয়েন্দা পুলিশের অন্যান্য কর্মকর্তাগণ।

পরে ভুক্তভোগীরা অত্যন্ত খুশি হয়ে বাংলাদেশ পুলিশ এবং সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, মেহেরপুরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেহেরপুরে রমজানের আগমন

উপলক্ষে স্বাগত র্যালি

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মাহে রমজান-১৪৪৫ (হিজরি) পবিত্রতা রক্ষার ও আগমন উপলক্ষে আহ্বান জানিয়ে স্বাগত র্যালী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (১০ মার্চ) বিকেল সাড়ে তিনটার সময় এ স্বাগত র্যালী অনুষ্ঠিত হয়।

এ সময় র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইসলামী ছাত্র আন্দোলনের সভাপতি ইমরান ইবনে খাদিমসহ আরো উপস্থিত ছিলেন জেলা শাখার বিভিন্ন নেতাকর্মীগণ।

র্যালি শেষে সভাপতি ইমরান ইবনে খাদেম রমজান মাসকে কেন্দ্র করে সমস্ত হোটেল রেস্তোরাঁ, চায়ের দোকান সব বন্ধ রাখার আহ্বান জানান। সাথে সাথে রমজান মাসকে কেন্দ্র করে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি কমিয়ে আনার তাগিত দেন।

এর আগে র্যালিটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু হয়ে মেহেরপুর পৌরসভার সামনে গিয়ে শেষ হয়।

মেহেরপুরে নারীদের মাঝে

ল্যাপটপ বিতরণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ‘হার পাওয়ার’ প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে নারীদের মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়েছে।

আজ রবিবার (১০ই মার্চ) সকাল ১১ টার সময় মেহেরপুরের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে এ ল্যাপটপ বিতরণী অনুষ্ঠিত হয়।

ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

অনুষ্ঠানর স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক মোঃ মোস্তফা কামাল।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ শামীম হাসান, পুলিশ সুপার এসএম নাজমুল হক বিপিএম, পিপিএম জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক আরো নেতা কর্মী উপস্থিত ছিলেন।

পরে ডাক, টেলি যোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে “হার পাওয়ার” প্রকল্পের মাধ্যমে সারাদেশব্যাপী ফ্রিল্যান্সিংকে অগ্রাধিকার দিয়ে নারীদের স্বাবলম্বী করার জন্য প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ শেষে মেহেরপুর চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলার ৫৫৫ জন নারীকে বিনামূল্যে ল্যাপটপ দেওয়া হয়।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“নারীর সম-অধিকার সম-সুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেলে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে এই শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আন্তর্জাতিক নারী দিবস পালন উপলক্ষে গুডনেইবারস মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি গুডনেইবারস অফিস প্রাঙ্গন থেকে বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিন শেষে অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে সেখানে নারী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিএমসি সদস্য শাবানা খাতুনের সঞ্চালনায় এবং গুডনেইবারস মেহেরপুর সিডিপির প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও সিডিপি এর সহ-সভাপতি বাবুল মল্লিক, সিনিয়র অফিসার প্রোগ্রাম রিফাত আল মাহমুদ, সিডিপি এর সদস্য তৃপ্তি কনা মন্ডল।

আলোচনা সভায় অতিথিবৃন্দ, নারীর ক্ষমতায়নে গুড নেইবারস বাংলাদেশে এর ভূমিকা। নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন প্রতিরোধে করনীয়।দিবসের প্রতিপাদ্য বিষয় নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ)নারীর ক্ষমতায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পদক্ষেপ সমূহের উপর আলোচনা করেন।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি কর্তৃক মঞ্জু মল্লিক, রেহেনা খাতুন ও সন্ধ্যা মন্ডলকে সাহসিকা পুরস্কারে ভূষিত করা হয়।

মেহেরপুরে পবিত্র মাহে রমাদান আগমন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে পবিত্র মাহে রমাদান আগমন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখা আয়োজিত আলোচনা সভা রবিবার (১০ মার্চ) বিকেলে শহরের হোটেল বাজার জামে মসজিদের সামনে আয়োজন করা হয়।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শাখা ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের ইমাম মোঃ রোকনুজ্জামান ও সদর উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওলানা সানোয়ার হোসেন।

এছাড়াও এসময় জামাল উদ্দিন, ওহাব,সজল, আব্দুস সামাদসহ ইমাম

সমিতির অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরের যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মোনাখালি শাখায় যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দারিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি সমৃদ্ধি কর্মসূচির আওতায় যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পি এস কে এস) এর আয়োজনে, উন্নয়নে যুব সমাজের অষ্টম ব্যাচের যুব প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ।

৮ টি ব্যাচে ২০০ জন যুবকে স্বপ্ন আমার উদ্যোক্তা হব শিরোনামের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে যুবদের উদ্দেশ্যে আলোচনা করেন ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন। প্রশিক্ষণ প্রদান করেন মোহাম্মদ হাসানুজ্জামান সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী ও রহিম আক্তার সমাজ উন্নয়ন কর্মকর্তা মোনাখালী শাখা।

মুজিবনগরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন

“দুর্যোগের প্রস্তুতিতে লড়বো স্মার্ট সোনার বাংলা গড়বো” এই প্রতিপাদ্যে মুজিবনগরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন উপলক্ষে র্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া

অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, এবং মুজিবনগর দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর বাস্তবায়নের দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয় এবং সেখানে মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়।

পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম এর সভাপতিত্বে আলোচনা সভা ও র্যালিতে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন ইনচার্জ শাহাজাহান আলী।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতিসহ ৮ নেতাকর্মী কারাগারে

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনসহ ৮ জন নেতাকর্মীকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত।

আজ রবিবার (১০ মার্চ) দুপুরে উচ্চ আদালতের জামিনের মেয়াদ শেষে জেলা ও দায়রা জজ আদালতে জামিন আবেদন করলে তাঁদের জামিন না মঞ্জুর করে জেলা কারাগারে পাঠানোর আদেশ দেয় আদালত।

আসামিরা হলেন মেহেনপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, জেলা কৃষক দলের সভাপতি মাহাবুব আলম, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি

জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিদ, সদর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক রায়হান, আমঝুপি ইউনিয়ন সেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজ ।

মামলার বিবরনে জানা গেছে, গত ২৯ অক্টোবর ও ০১ লা নভেম্বর সরকার পতন ও নির্বাচন বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল করে বিএনপি।মিছিল থেকে নাশকতা সৃষ্টির অভিযোগে মেহেরপুর সদর থানায় দু’টি মামলা দায়ের করে পুলিশ। ওই মামলায় উচ্চ আদালত থেকে ছয় সপ্তাহের আগাম জামিন পেয়েছিলেন আসামিরা। জামিনের মেয়াদ শেষে আজ রোববার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর সিদ্দিকের আদালতে উপস্থিত হয়ে আইনজীবীর মাধ্যমে জামিন আবেদন করেন তাঁরা। আদালত তাঁদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আসামিপক্ষের কৌশলীগন ছিলেন এডভোকেট মারুফ আহমেদ বিজন, কামরুল ইসলাম সহ সকল জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আইনজীবী গন। বাদী পক্ষে মামলা পরিচালনা করেন কোর্ট ইন্সপেক্টর মানুষ ঘোষ।

গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত

‘ ‘দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্যে গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে রোববার (১০ মার্চ) সকাল ১০ টায় শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পরে গাংনী ফুটবল মাঠে এক মোহড়া অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) নিরঞ্জন চক্রবর্তীর

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

আলোচনা সভায় বক্তব্য রাখেন ডাক্তার আদিলা আজহার আরশী, বামন্দি ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের টিম লিডার ইসাহক আলী।

এসময় সরকারী বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কমর্চারীগণ উপস্থিত ছিলেন।

গাংনীর দুটি ইউপিতে ৩টি ওয়ার্ডের উপ-নির্বাচন সম্পন্ন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়নের ২ নং ও ৩ নং ওয়ার্ড এবং ষোলটাকা ইউনিয়নের ১নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বার) পদের উপ-নির্বাচন শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় । নির্বাচনে সাহারবাটী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বার পদে (মোরগ মার্কা) প্রতীক নিয়ে ৬২৫ ভোট পেয়ে মহিবুল ইসলাম নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী মহাবুবুর রহমান (ফুটবল মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৬০৮ ভোট।

এছাড়াও একই ইউনিয়নের ৩ নং ওয়ার্ডে মেম্বার পদে আবুল বাসার (মোরগ মার্কা) প্রতীক নিয়ে ৪১৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হাবিবুর রহমান কাবেল (ফুটবল মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৪১৬ ভোট।

এছাড়াও এ নির্বাচনে শফিউল ইসলাম (তালা মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৩৫৪ ভোট,হাফিজুল ইসলাম (টিউবওয়েল মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৭ ভোট।

অন্যদিকে, ষোলটাকা ইউনিয়নের ১ নং ওয়ার্ডে মেম্বার পদে তহিদুল ইসলাম তুহিন (ক্রীকেট ব্যাট মার্কা) প্রতীক নিয়ে ৭২৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আবু সাইদ (ফুটবল

মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৬৫৬ ভোট। এছাড়াও আশাদুল ইসলাম (টিউবওয়েল মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ৪৯১ ভোট, রকিবুল ইসলাম (তালা মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ১৮৩ ভোট ও মহিবুল ইসলাম (মোরগ মার্কা) প্রতীক নিয়ে পেয়েছেন ১১৫ ভোট।

সাহারবাটী ও ষোলটাকা ইউনিয়নের উপ-নির্বাচনের রিটার্নিং অফিসার এবং গাংনী উপজেলা নির্বাচন অফিসার কামরুল হাসান আনুষ্ঠানিক ভাবে নির্বাচনের ফলাফল ঘোষণা করেন।

এদিকে, নির্বাচন এলাকায় শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য পুলিশ ও আনসার বাহিনী মোতায়েন করা হয়।

উল্লেখ্য,সাহারাটী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বার রফিকুল ইসলাম গত বছরের আগস্টে ও একই ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের মেম্বার সাবান আলী গত বছরের অক্টোবর মাসে এবং ষোলটাকা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মেম্বার ইদ্রিস আলী চলতি বছরের জানুয়ারী মাসে মৃত্যুবরণ করলে, আসন তিনটি শূণ্য হয়।